

## 97450 - ওয়ুর সময় কৃত্রিম পা ধৌত করা আবশ্যিক নয়

---

### প্রশ্ন

আমার পা কেটে ফেলা হয়েছে। আলহামদু লিল্লাহ্। আমি এর বদলে একটি কৃত্রিম পা সংযোজন করেছি। এ পা ধৌত করা এবং মোজা পরা থাকলে এ পা মাসেহ করা কি আমার উপর আবশ্যিক?

### প্রিয় উত্তর

হাঁটু থেকে যদি পা কেটে ফেলা হয়, যার ফলে টাকনু ও পায়ের পাতা চলে যায় এর বদলে কৃত্রিম পায়ের পাতা লাগানো হয় সেক্ষেত্রে এ কৃত্রিম পা ধৌত করা আপনার উপর আবশ্যিকীয় নয়। কর্তিত পা ধৌত করার দায়িত্ব আপনার থেকে রহিত। কৃত্রিম পায়ের উপর আপনি মাসেহ করবেন না। কিন্তু, যদি পায়ের টাকনুর নীচে কিছু অবশিষ্ট থাকে তাহলে সে অবশিষ্ট অংশ ধৌত করা আপনার উপর আবশ্যিক। আপনি যদি সে অবশিষ্ট অংশের উপর কোন আচ্ছাদন যেমন চামড়ার মোজা বা কাপড়ের মোজা পরেন তাহলে আপনি সে অবশিষ্টাংশের উপর যে পরিধেয় রয়েছে সেটার উপর মাসেহ করবেন।

[শাইখ সালাহ আল-ফাওয়ানের ফতোয়াসমগ্র থেকে নির্বাচিত (২/৩৬)]